

## প্রেস বিজ্ঞপ্তি

### জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিঃ বিভিন্ন অপরাধে ৩৫টি প্রতিষ্ঠানকে ৮৭.০০ হাজার টাকা জরিমানা

৫ সেপ্টেম্বর ২০১৬

বাণিজ্য মন্ত্রণালয়ধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বিভিন্ন জেলা কার্যালয়ের ১০ জন কর্মকর্তার নেতৃত্বে রংপুর, পঞ্চগড়, নওগাঁ, শেরপুর, মাগুরা, ঝালকাঠি, ময়মনসিংহ, বরিশাল, বগুড়া ও কুমিল্লায় আজ বাজার তদারকি করা হয়।

রংপুর বিভাগীয় কার্যালয়ের উপপরিচালক খন্দকার মোহাম্মদ নুরুল আমীনের নেতৃত্বে রংপুর সদর উপজেলায় ৪টি প্রতিষ্ঠানকে ৮,০০০/- (আট হাজার) টাকা, পঞ্চগড় জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ হাসান আল মারুফের নেতৃত্বে পঞ্চগড়ের বোদা উপজেলায় ৭টি প্রতিষ্ঠানকে ১৮,৭০০/- (আটাত্তর হাজার সাতশত) টাকা, নওগাঁ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক আব্দুল্লাহ আল মাসুমেদের নেতৃত্বে নওগাঁ এর আত্রাই উপজেলায় ৩টি প্রতিষ্ঠানকে ১৫,০০০/- (পনের হাজার) টাকা, শেরপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ আরিফুল ইসলামের নেতৃত্বে শেরপুরের শ্রীবরদী উপজেলায় ৪টি প্রতিষ্ঠানকে ৪,০০০/- (চার হাজার) টাকা, মাগুরা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সূচন্দন মন্ডলের নেতৃত্বে মাগুরার শালিকা উপজেলায় ২টি প্রতিষ্ঠানকে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা, ঝালকাঠি জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সাফিয়া সুলতানার নেতৃত্বে ঝালকাঠি সদর উপজেলায় ১টি প্রতিষ্ঠানকে ৩,০০০/- (তিন হাজার) টাকা, ময়মনসিংহ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক দেবানন্দ সিনহার নেতৃত্বে ময়মনসিংহ সদর উপজেলায় ৩টি প্রতিষ্ঠানকে ৯,০০০/- (নয় হাজার) টাকা, বরিশাল বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক সুমী রাণী মিত্রের নেতৃত্বে বরিশাল সদর উপজেলায় ৫টি প্রতিষ্ঠানকে ৫,৫০০/- (পাঁচ হাজার পাঁচশত) টাকা, বগুড়া জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ শরিফুল ইসলামের নেতৃত্বে বগুড়ার আদমদিঘি উপজেলায় ৫টি প্রতিষ্ঠানকে ১৬,৫০০/- (ষোল হাজার পাঁচশত) টাকা এবং কুমিল্লা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ আছাদুল ইসলামের নেতৃত্বে কুমিল্লা সদর দক্ষিণ এলাকায় ১টি প্রতিষ্ঠানকে ৩,০০০/- (তিন হাজার) টাকাসহ মোট ৮৭,৭০০/- (সাতাশ হাজার সাতশত) টাকা অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরী, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, মেয়াদ উত্তীর্ণ পণ্য বিক্রয়, সেবার মূল্যের তালিকা সংরক্ষণ ও প্রদর্শন না করা, পণ্যের মূল্য তালিকা প্রদর্শন না করা, অবহেলা ইত্যাদি দ্বারা সেবা গ্রহীতার অর্থ, স্বাস্থ্য, জীবনহানি ইত্যাদি ঘটানো, খাদ্য পণ্যে নিষিদ্ধ দ্রব্যের মিশ্রণের অপরাধে জরিমানা আরোপ ও আদায় করা হয়।

আজকের ১০টি বাজার তদারকির মাধ্যমে ৩৫টি প্রতিষ্ঠানকে মোট ৮৭,৭০০/- (সাতাশ হাজার সাতশত) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। বিলম্বে প্রাপ্ত তথ্য অনুযায়ী গত ১ সেপ্টেম্বর ২০১৬ তারিখে গোপালগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক শামীম হাসানের নেতৃত্বে গোপালগঞ্জের টুঞ্জীপাড়া এলাকায় ২টি প্রতিষ্ঠানকে ৩,০০০/- (তিন হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে। সংশ্লিষ্ট জেলা প্রশাসন, জেলা পুলিশ, বাজার কর্মকর্তা, স্যানিটারী ইন্সপেক্টর, প্রাণী সম্পদ কর্মকর্তা, কৃষি কর্মকর্তা, মৎস্য কর্মকর্তা, পরিবেশ অধিদপ্তরের প্রতিনিধি এবং ক্যাব এসব তদারকি কার্যে সহায়তা প্রদান করে।

(ফাহমিনা আক্তার)  
সহকারী পরিচালক

#### অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। মহাপরিচালক, র‍্যাংক/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
- ২। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
- ৩। পুলিশ কমিশনার, ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, রংপুর ও বরিশাল মহানগর।
- ৪। যুগ্ম সচিব (আইআইটি), বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
- ৬। জেলা প্রশাসক, রংপুর, পঞ্চগড়, নওগাঁ, শেরপুর, মাগুরা, ঝালকাঠি, ময়মনসিংহ, বরিশাল, বগুড়া ও কুমিল্লা।
- ৭। পুলিশ সুপার, রংপুর, পঞ্চগড়, নওগাঁ, শেরপুর, মাগুরা, ঝালকাঠি, ময়মনসিংহ, বরিশাল, বগুড়া ও কুমিল্লা।
- ৮। সিনিয়র সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৯। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ১০। অধিনায়ক ১, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।
- ১১। অধিনায়ক ৫, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।
- ১২। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।